

"ছেলে হোক, মেয়ে হোক,  
দু'টি সন্তানই যথেষ্ট।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়  
পরিবার পরিকল্পনা ভবন  
৯৭৫, আগ্রাবাদ, চট্টগ্রাম।

একই সারক ও তারিখে প্রতিস্থাপিত।

[www.fpo.chittagong.gov.bd](http://www.fpo.chittagong.gov.bd)

নং: ৫৯.১১.১৫০০.১৪৬.২৭.১৮৪.১২- ২০৬

তারিখঃ ৩০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
১৩ ফেব্রুয়ারী, ২০২৪ খ্রিষ্টাব্দ

### অফিস আদেশ

জনাব আতিকুর রহমান, পরিবার পরিকল্পনা পরিদর্শক (সাময়িকভাবে বরখাস্তকৃত), এওচিয়া ইউনিয়ন, সাতকানিয়া, চট্টগ্রাম-এর বিরুদ্ধে ১. দায়িত্ব পালনে অবহেলা, ২. জালিয়াতির মাধ্যমে হাজিরা খাতায় স্বাক্ষর, ৩. উর্দূতন কর্তৃপক্ষের সাথে মিথ্যাচার এবং ৪. চিকিৎসাজনিত ছুটির জন্য জালিয়াতির মাধ্যমে চিকিৎসা সনদ দাখিল করার বিষয়সমূহ প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় অত্র কার্যালয়ের ১২.১০.২০২৩ খ্রিঃ তারিখের ৫৯.১১.১৫০০.১৪৬.২৭.১৮৪.১২-১৪৫৫ সংখ্যক পত্রমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮'এর আওতায় অভিযোগ গঠন করে বিভাগীয় মামলা বুজুপূর্বক কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়।

২.০: জনাব আতিকুর রহমান, পরিবার পরিকল্পনা পরিদর্শক (সাময়িকভাবে বরখাস্তকৃত), এওচিয়া ইউনিয়ন, সাতকানিয়া, চট্টগ্রাম কারণ দর্শানোর নোটিশখানা যথাযথভাবে জারী হওয়া সত্ত্বেও জবাব দাখিল করেনি। ন্যায় বিচারের স্বার্থে আনীত অভিযোগ তদন্তের জন্য সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮'এর সংস্থান অনুযায়ী তদন্ত বোর্ড গঠন করা হয়। তদন্ত কর্মকর্তা যথাযথভাবে তদন্তের নোটিশ জারী করা সত্ত্বেও তিনি তদন্তানুষ্ঠানে অনুপস্থিত থাকেন। তদন্ত কর্মকর্তা তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদপ্রেক্ষিতে জনাব আতিকুর রহমান, পরিবার পরিকল্পনা পরিদর্শক (সাময়িকভাবে বরখাস্তকৃত), এওচিয়া ইউনিয়ন, সাতকানিয়া, চট্টগ্রাম-কে সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮'এর বিধি-৪(৩)(ঘ) এর বিধান অনুযায়ী চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal) দণ্ড আরোপের প্রস্তাব করে একই বিধিমালার বিধি ৭(৯) আওতায় অত্র কার্যালয়ের পত্র নং- ৫৯.১১.১৫০০.১৪৬. ২৭.১৮৪.১২.৬৮, তারিখ ১৬.০১.২০২৪ খ্রিঃ মূলে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। নোটিশখানা যথাযথভাবে জারী হওয়া সত্ত্বেও তিনি জবাব দাখিল করেননি।

৩.০: বিভাগীয় মামলার যাবতীয় নথিপত্র এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনাপূর্বক জনাব আতিকুর রহমান, পরিবার পরিকল্পনা পরিদর্শক (সাময়িকভাবে বরখাস্তকৃত), এওচিয়া ইউনিয়ন, সাতকানিয়া, চট্টগ্রাম-এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮'এর বিধি-৩(খ) এর আওতায় আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতিতভাবে প্রমাণিত হয়েছে। 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮'এর বিধি-৩(খ) এর আওতায় আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতিতভাবে প্রমাণিত হওয়ায় এই বিধিমালার বিধি-৪(৩)(ঘ) এর বিধান অনুযায়ী গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

৪.০: এমতাবস্থায় জনাব আতিকুর রহমান, পরিবার পরিকল্পনা পরিদর্শক (সাময়িকভাবে বরখাস্তকৃত), এওচিয়া ইউনিয়ন, সাতকানিয়া, চট্টগ্রাম-কে 'অসদাচরণের' অপরাধের দায়ে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮'এর বিধি-৪(৩)(ঘ) এর বিধান অনুযায়ী চাকরি হতে বরখাস্ত (Dismissal) দণ্ড আরোপ করা হলো।

৫.০: বিএসআর(পোর্ট-১) এর বিধি-৭০ অনুযায়ী এই আদেশ জারীর তারিখ হতে বেতন-ভাতাদি বন্ধ এবং ১৩.০২.২০২৪ খ্রিঃ হতে এ আদেশ কার্যকর হবে।

স্বঃ

(মোহাম্মদ আবুল কালাম)

উপপরিচালক

পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম

৩০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখঃ

১৩ ফেব্রুয়ারী, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং: ৫৯.১১.১৫০০.১৪৬.২৭.১৮৪.১২- ২০৬/১(৯)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৩। পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। উপপরিচালক (পার্সোনেল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৫। সহকারী পরিচালক (পার-২), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ -এফপি), সাতকানিয়া, চট্টগ্রাম। যথাযথভাবে জারী করা অনুরোধসহ।
- ৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সাতকানিয়া, চট্টগ্রাম।
- ৮। জনাব আতিকুর রহমান, পরিবার পরিকল্পনা পরিদর্শক (বরখাস্ত), এওচিয়া ইউনিয়ন, সাতকানিয়া, চট্টগ্রাম।  
(নিয়োগপত্র অনুযায়ী স্থায়ী ঠিকানা: পিতার নাম: আলতায়ফুর রহমান, গ্রাম: এওচিয়া, ডাকঘর: দেওদীঘি, ইউনিয়ন: এওচিয়া, উপজেলা: সাতকানিয়া, চট্টগ্রাম)
- ৯। অফিস কপি।

(মোহাম্মদ আবুল কালাম)

উপপরিচালক

পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম